

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদপ্তর  
সমাজসেবা ভবন  
আইনের সংস্পর্শে ও সংঘাতে আসা প্রতিষ্ঠান  
ই-৮/বি-১, শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৬৩.১৮.০০০৪.২৬.২৪

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩  
০৪ মে ২০২৬


**বিষয়: সমাজসেবা অধিদপ্তরীয় সকল আবাসিক প্রতিষ্ঠানে অবস্থানরত নিবাসীদের হামের (Measles) টিকা প্রদান নিশ্চিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন সকল আবাসিক প্রতিষ্ঠানে অবস্থানরত শিশুদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা অধিদপ্তরের অন্যতম অগ্রাধিকার। বর্তমান প্রেক্ষাপটে হামের প্রাদুর্ভাব রোধকল্পে এসকল প্রতিষ্ঠানের সকল নিবাসীকে টিকাদান কর্মসূচির আওতায় আনা আবশ্যিক।

২. এমতাবস্থায়, আপনার বিভাগাধীন সকল প্রতিষ্ঠানে অবস্থানরত শিশুকে হামের টিকাসহ জাতীয় টিকাদান কর্মসূচি অনুযায়ী নির্ধারিত সকল প্রতিষেধক টিকা প্রদানের লক্ষ্যে, সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কার্যালয় অথবা নিকটস্থ সরকারি স্বাস্থ্য কেন্দ্রের সাথে জরুরিভিত্তিতে যোগাযোগ করে টিকাদান নিশ্চিত করার জন্য নির্দেশনা রয়েছে। তাছাড়া, আক্রান্ত শিশুদের জরুরিভিত্তিতে নিকটস্থ সরকারি স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করে প্রয়োজনীয় চিকিৎসা সেবা নিশ্চিত করার জন্যও বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩. উক্ত টিকাদান কার্যক্রম সম্পন্ন করার পর কতজন শিশুকে টিকা প্রদান করা হয়েছে, তার একটি সচিত্র প্রতিবেদন আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪. বিষয়টি অতীব জরুরি এবং শিশুদের স্বাস্থ্য সুরক্ষার স্বার্থে সর্বোচ্চ অগ্রাধিকারযোগ্য।



০৪-০৫-২০২৬

সমীর মল্লিক  
পরিচালক

পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়(সকল)।।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৬৩.১৮.০০০৪.২৬.২৪/১ (৩)

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩  
০৪ মে ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর।
- ২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সকল জেলা।
- ৩। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, .....



AKK

০৪-০৫-২০২৬

আইয়ুব খান

উপপরিচালক